পার্টনার এগ্রিমেন্ট

FBS মার্কেটস ইনক., পরবর্তীতে "কোম্পানি" হিসেবে উল্লেখ করা হতে পারে এবং কাস্টমার, যিনি www.fbs.com এ একটি আইবি অ্যাকাউন্ট খুলবে, পরবর্তীতে "ইন্ট্রোডিউসিং ব্রোকার" হিসেবে উল্লেখ করা হতে পারে, একসাথে "দল" হিসেবে উল্লেখ করা হবে, তারা নিম্নোক্ত আইবি এগ্রিমেন্টের আওতায় পড়বেঃ

----

১. সার্বজনীন বিধানাবলী

১.১. এই চুক্তি কাস্টমার এগ্রিমেন্টের একটি অবিচ্ছেদ্য অংশ।

১.২. ইন্ট্রোডিউসিং ব্রোকার হিসেবে রেজিস্টার করতে, আবশ্যক জিনিসগুলো হচ্ছেঃ

১.২.১. কোম্পানির ওয়েবসাইটে পার্সোনাল এরিয়া রেজিস্টার করা।

১.২.২. এই চুক্তি গ্রহন করা এবং আইবি অ্যাকাউন্ট খোলার ইমেইল নিশ্চিত করা।

১.২.৩. নিজস্ব একটি ইন্ট্রোডিউসিং ব্রোকার আইডি নম্বর পাওয়া।

১.২.৪. কোম্পানি যেকোনো সময় আইবির পার্সোনাল আইডি, অথবা অন্য যেকোনো প্রমানপত্র চাওয়ার অধিকার রাখে।

১.৩. আইবি অ্যাকাউন্ট খোলার পরে, ইন্ট্রোডিউসিং ব্রোকার কোম্পানির ওয়েবসাইটে উপলব্ধ যেকোনো প্রোমোশনের উপকরন তার ওয়েবসাইটে ব্যাবহার করতে পারে, অথবা, ভিন্ন উপায়ে তার রেফারেল লিংক ব্যাবহার করতে পারে।

১.৪. পি. ১.২ এর শর্ত পূরণের পরে, আইবি অ্যাকাউন্ট সক্রিয় হিসেবে গণ্য হবে। রেজিস্ট্রেশনের সময় ইন্ট্রোডিউসিং ব্রোকার প্রদত্ত ইমেইলে অটোমেটিক একটি ইমেইল যাবে।

১.৫. কোম্পানি এবং ইন্ট্রোডিউসিং ব্রোকার পারস্পরিক ঐক্যে অঙ্গীকারবদ্ধ হবে এই লক্ষ্যে যা সরাসরি কাস্টমারের উদ্দেশ্যে হবে যারা মার্কেটে কোম্পানি প্রদত্ত ট্রেডিং টুল দ্বারা ট্রেড করবে।

১.৬. একজন ইন্ট্রোডিউসিং ব্রোকার এই চুক্তির অঙ্গীকারে আবদ্ধ হবে, বি.দ্র. কোম্পানির জন্য কাস্টমার খুজবে এবং জোগাবে, ও তারসাথে চুক্তিতে উল্লেখিত কোম্পানির অন্যান্য আইনগন অধিকার এবং দায়িত্ব পালন করবে। যখন অঙ্গীকার পালন করবে, যা এই চুক্তিতে বর্ণিত রয়েছে, ইন্ট্রোডিউসিং ব্রোকার শুধু নিজে কাজ করছে কিন্তু কোম্পানির জন্য কাস্টমার জোগাড় করছে।

১.৭. ইন্ট্রোডিউসিং ব্রোকার নিঃশর্তভাবে এর সম্মতি দেবে যে তার জোগাড়কৃত কাস্টমার সকলে কোম্পানির ক্লায়েন্ট।

----

২. দলের সহযোগিতা

২.১. এই চুক্তি দ্বারা কোনভাবে কর্মসংস্থান সম্পর্কিত অথবা যৌথব্যাবসার বোঝানো হয়না। একজন ইন্ট্রোডিউসিং ব্রোকার কোম্পানির নাম, কোম্পানির লোগো এবং অন্যান্য কপিরাইটকৃত উপকরনসমূহ যারমধ্যে বিজ্ঞাপন, প্রিন্টিং, বিজনেস কার্ড, ঘোষণা, প্রকাশনা রয়েছে, তা কোম্পানির লিখিত অনুমতি ছাড়া ব্যাবহার করতে পারবে না। ইন্ট্রোডিউসিং ব্রোকার আলাপআলোচনায় তার কার্যকলাপ এবং নিজেকে কোম্পানির ক্লায়েন্ট হিসেবে শুধু ইন্ট্রোডিউসিং ব্রোকারের সুযোগ সুবিধা ব্যাবহার করতে পারবে। অন্য কোন সম্ভাব্য পদমর্যাদা ব্যাবহার প্রযোজ্য নয়। বিশেষভাবে ইন্ট্রোডিউসিং ব্রোকারের জন্য কোম্পানি প্রদত্ত প্রোমোশনের উপকরন ব্যাবহারের অধিকার রয়েছে।

২.২. যেকোনো অবস্থাতেই কোম্পানি নিম্নে বর্ণিত বিষয়সমূহের দায়িত্ব বহন করবে নাঃ

২.২.১. ইন্ট্রোডিউসিং ব্রোকার কতৃক এমন কোন কার্যকলাপ যা এই চুক্তি এবং/অথবা কাস্টমার এগ্রিমেন্টের বাহিরে রয়েছে।

২.২.২. ইন্ট্রোডিউসিং ব্রোকারের যেকোনো কার্যকলাপ যা কোম্পানি প্রদত্ত সুযোগ সুবিধার বাইরে।

২.২.৩. কোন তৃতীয় পক্ষের ইন্ট্রোডিউসিং ব্রোকার কারনে কোন ধরনের ক্ষতি।

২.২.৪. কোন দাবি যা ইন্ট্রোডিউসিং ব্রোকার এই চুক্তির পি ৩.১ অনুযায়ী পূরণ করতে পারেননি।

২.৩. দলসমূহ এই চুক্তি এবং/অথবা কাস্টমার এগ্রিমেন্টের বিধান মানতে বাধ্য যদি অন্যথায় বর্ণিত এবং সই করা হয়ে থাকে।

----

৩. ইন্ট্রোডিউসিং ব্রোকারের অধিকার এবং দায়িত্ব

৩.১. এই চুক্তি মেনে নেওয়ার পরে, ইন্ট্রোডিউসিং ব্রোকারের জন্য, কোম্পানির পক্ষ হতে পুরস্কার প্রদান করা হবেঃ

৩.১.১. কোম্পানির জন্য প্রচারনা করলে।

৩.১.২. তার দেশের আইনের আওতায়, যেকোনো কার্যকলাপ করলে, কোম্পানির জন্য নতুন কাস্টমার আনার জন্য।

৩.১.৩. নতুন কাস্টমারদের কোম্পানির কার্যকলাপ, সেবা, সুবিধা এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্য প্রদান।

৩.১.৪. নতুন কাস্টমারদের কোম্পানি সম্পর্কে তথ্য, যারমধ্যে কোম্পানির ঠিকানা, যোগাযোগের বর্ণনা, প্রচলিত এবং বিশেষ শর্তাবলী যা কোম্পানির সেবার বিধানের আওতায় রয়েছে।

৩.১.৫. নতুন কাস্টমারদের কোম্পানির কর্পোরেট ওয়েবসাইট (www.fbs.com) এবং এর গঠন, যেসকল তথ্য ওয়েবসাইটে প্রদান করা হয়েছে, মতামত এবং প্রয়োজনবোধে, তা স্পষ্ট করা।

৩.২. ইন্ট্রোডিউসিং ব্রোকার এটার নিশ্চয়তা দেয় যে তার কার্যকলাপ তার অবস্থানরত দেশের আইনের আওতার মধ্যে থেকে করছে।

৩.৩. ইন্ট্রোডিউসিং ব্রোকার তার কার্যকলাপে কোন ধরনের সমস্যা সম্পর্কে তৎক্ষণাৎ কোম্পানিকে অবগত করবে।

৩.৪. ইন্ট্রোডিউসিং ব্রোকারের দায়িত্ব হচ্ছে কোম্পানির জন্য কাস্টমার জোগাড় করা।

৩.৫. ইন্ট্রোডিউসিং ব্রোকার দ্বারা ক্লায়েন্ট জোগাড় করা গণ্য হবে নিম্নোক্ত শর্তাবলী পূরণ হলেঃ

৩.৫.১. ইন্ট্রোডিউসিং ব্রোকার প্রদত্ত বিশেষ (রেফারেল) লিংক দিয়ে ক্লায়েন্ট অ্যাকাউন্ট রেজিস্ট্রেশন করলে।

৩.৫.২. কোন ক্লায়েন্ট কোম্পানির কাছে লিখিত আবেদন করলে যেন তাকে উল্লেখিত ইন্ট্রোডিউসিং ব্রোকারের কাছে দেয়া হয়। এই আবেদন গ্রহন হবে যদি তা ক্লায়েন্টের www.fbs.com এ রেজিস্ট্রেশনের ৭ দিনের মধ্যে হয়ে থাকে এবং ক্লায়েন্ট অন্য কোন ইন্ট্রোডিউসিং ব্রোকারের সাথে রেজিস্ট্রেশন না করে থাকে।

৩.৬. ক্লায়েন্টের www.fbs.com এ রেজিস্টার করার ৭ কর্মদিবসের মধ্যে ইন্ট্রোডিউসিং ব্রোকার কতৃক জোগাড়কৃত ক্লায়েন্টে নিযুক্ত করার অধিকার কোম্পানি রাখে। এক্ষেত্রে ইন্ট্রোডিউসিং ব্রোকারকে ক্লায়েন্ট জোগাড়ের প্রমান দিতে হবে এবং পি. ৩.৫ এর চুক্তি অনুযায়ী তার রেজিস্ট্রেশন ব্যার্থ হয়েছে তার ব্যাখ্যা দিতে হবে।

৩.৭. ইন্ট্রোডিউসিং ব্রোকারকে অ্যাডভারটাইজিং ক্যাম্পেইং করতে কোম্পানি কতৃক অনুমোদিত প্রচারনার উপকরন (বিজনেস কার্ডসহ) ব্যাবহার করতে হবে।

৩.৮. ইন্ট্রোডিউসিং ব্রোকার কোম্পানির প্রচারনার জন্য কোন ধরনের প্রতারনামূলক প্রচারনার পন্থা অবলম্বন করতে পারবে না। নিম্নোক্ত পন্থাসমূহ যথাযথভাবে নিষিদ্ধঃ

৩.৮.১. এপিএস (একটিভ প্রমোশন সিস্টেম);

৩.৮.২. অনৈতিক (পর্ণোগ্রাফিক সমেত) ওয়েবসাইটে প্রচারনা;

৩.৮.৩. এমন ওয়েবসাইটে প্রচারনা, যা ইন্ট্রোডিউসিং ব্রোকারের দেশের আইনসম্মত নয়;

৩.৮.৪. স্প্যাম এবং স্প্যামডেক্সিং;

৩.৮.৫. এমন প্রচারনা যাতে সম্পূর্ণ অথবা সেবার কিছু অংশ বাদ দেয়া হয়েছে, অথবা ঝুঁকি এবং কাস্টমার সার্ভিস সম্পর্কে বোঝাতে ব্যার্থ;

৩.৮.৬. এমন প্রচারনা যাতে তথ্য ভুলভাবে তুলে ধরা হয়েছে অথবা ইন্ট্রোডিউসিং ব্রোকারের দেশের আইনের মানতে ব্যার্থ হয়েছে।

৩.৮.৭. অন্যান্য যেকোনো কার্যকলাপ, যা কোম্পানির সুখ্যাতিতে আঘাত করে;

৩.৮.৮. যেকোনো ধরনের প্রতারনামূলক প্রচারনা।

৩.৯. ইন্ট্রোডিউসিং ব্রোকারের অধিকার নেই যেঃ

৩.৯.১. "FBS" এবং/অথবা এধরনের কোন ডোমেইন রেজিস্টার এবং ব্যাবহার করবে, যেমনঃ fsb, ffbs, fbss, ইত্যাদি।

৩.৯.২. "FBS" এবং/অথবা এধরনের কোন ব্যাবসা রেজিস্টার এবং ব্যাবহার করবে, যেমনঃ fsb, ffbs, fbss, ইত্যাদি।

৩.৯.৩. ইন্ট্রোডিউসিং ব্রোকার কোম্পানির ইউআরএল কোন পিপিসি সিস্টেমে (গুগল, ইয়াহু!, লাইভ, ইত্যাদি) ক্যাম্পেইঙ্গে ব্যাবহার করতে পারবে না, তার রেফারেল লিংকও না। রিডাইরেক্ট অথবা অন্য কোন পন্থায় (প্রতারণামূলকভাবে) কাস্টমার জোগাড় করা নিষিদ্ধ।

৩.১০. ইন্ট্রোডিউসিং ব্রোকারের কাস্টমারের সাথে আর্থিক সম্পর্ক থাকতে পারবে না (এরমদ্ধে ফান্ড গ্রহন, ব্যাংক ওয়্যার অথবা কার্ড, ইত্যাদি)।

৩.১১. ইন্ট্রোডিউসিং ব্রোকারের কোম্পানির কার্যকলাপ এবং/অথবা তথ্য, যা ইন্ট্রোডিউসিং ব্রোকারের জন্য উপলব্ধ তার গোপনীয়তা বজায় রাখতে বাধ্য।

৩.১২. এমন কোন তথ্য যা কোম্পানির জন্য প্রতিকূল (ঝুঁকিপূর্ণ) অবস্থার সৃষ্টি করতে পারে, ইন্ট্রোডিউসিং ব্রোকারের সেসম্পর্কে কোম্পানিকে তৎক্ষণাৎ অবগত করতে হবে।

৩.১৩. ক্লায়েন্ট যদি কোম্পানির কাছ থেকে ইন্ট্রোডিউসিং ব্রোকার সম্পর্কে কোন দাবি করে থাকে, সেক্ষেত্রে ইন্ট্রোডিউসিং ব্রোকারকে তার সমাধান নিজের করতে হবে।

৩.১৪. ইন্ট্রোডিউসিং ব্রোকারের দায়িত্ব যে ক্লায়েন্টদের কাস্টমার এগ্রিমেন্ট সাইন করার আগে তাদের স্টক এক্সচেঞ্জ ট্রেডিঙ্গের ঝুঁকি সম্পর্কে অবগত করা।

৩.১৫. কোম্পানি ইন্ট্রোডিউসিং ব্রোকারকে কোন ধরনের সুপারিশ এবং/অথবা ক্লায়েন্টদের ট্রেডিং কার্যকলাপ সম্পর্কে উপদেশ এবং/অথবা স্ট্রাট্রেজি, অথবা কোন পন্থা অবলম্বন যা ক্লায়েন্টের সিদ্ধান্তের ওপর প্রভাব ফেলে তার পরামর্শ দেয়না। এধরনের পরামর্শ অথবা উপদেশের ফলাফলের জন্য কোম্পানি কোন ধরনের দায়ভার বহন করবে না।

৩.১৬. ইন্ট্রোডিউসিং ব্রোকারের মিডিয়াতে পাবলিকেশন অথবা অংশগ্রহন, অথবা সহযোগিতা, নিউজলেটার অথবা নোট পাঠানো, অথবা খবরের কাগজ, ম্যাগাজিন, ব্লগ, ইন্টারনেট ফোরাম অথবা অন্যান্য গণমাধ্যম কোন ধরনের ম্যাটেরিয়াল লিখতে সহযোগিতা করা, যা কোম্পানির সুখ্যাতিতে আঘান হানে, তা করার কোন অধিকার নেই।

৩.১৭. ক্লায়েন্টের সাথে কোন ধরনের সম্পর্কে জড়ানোর আগে, ইন্ট্রোডিউসিং ব্রোকারকে তার স্ট্যাটাস এবং সুযোগ সুবিধা সম্পর্কে ক্লায়েন্টকে অবগত করতে বাধ্য।

----

৪. কোম্পানির অধিকার ও দায়িত্ব

৪.১. এই চুক্তিতে উল্লেখিত শর্ত অনুযায়ী কোম্পানি ইন্ট্রোডিউসিং ব্রোকারকে সহায়তা প্রদানে বাধিত।

৪.২. চুক্তি অনুযায়ী কোম্পানি ইন্ট্রোডিউসিং ব্রোকারকে পুরস্কৃত করবে।

৪.৩. ডিলিং এবং গননার দায়িত্ব কোম্পানির। ইন্ট্রোডিউসিং ব্রোকারের আবেদন অনুযায়ী কোম্পানি মাসে সর্বোচ্চ ৪ বার ট্রেডের রিপোর্ট প্রদান করবে, যদি না অন্য কিছু নির্দিষ্ট করে দেয়া হয়ে থাকে।

৪.৪. কাস্টমার এগ্রিমেন্টে বর্ণিত শর্তাবলী অনুযায়ী ইন্ট্রোডিউসিং ব্রোকার দ্বারা জোগাড় করা ক্লায়েন্টের রিয়েল অ্যাকাউন্ট খুলতে কোম্পানি বাধিত।

৪.৫. কোম্পানি ক্লায়েন্টদের কোম্পানি প্রদত্ত লগইন এবং পাসওয়ার্ড দিয়ে রিয়েল অ্যাকাউন্টে ট্রেডের কার্যকলাপের সুবিধা দিতে বাধিত।

৪.৬. ক্লায়েন্টের ট্রেডের হিসাবরক্ষনের সকল দায়িত্ব কোম্পানির

৪.৭. ক্লায়েন্ট আকর্ষণের জন্য চালানো ক্যাম্পেইং এবং প্রোমোশনের ফলাফলের সম্পূর্ণ রিপোর্ট পার্টনারের কাছ থেকে চাওয়ার অধিকার রাখে।

৪.৮. ইন্ট্রোডিউসিং ব্রোকার হিসেবে রেজিস্টার করার পরে ৯০ দিনের মধ্যে ইন্ট্রোডিউসিং ব্রোকার যদি ৫জন সক্রিয় ক্লায়েন্ট না জোগাড় করতে পারে তাহলে কোম্পানি এই চুক্তি খারিজ করার অধিকার রাখে।

৪.৯. পার্টনারের আকর্ষিত ক্লায়েন্টদের তালিকা থেকে এক বা একাধিক ক্লায়েন্ট বাদ দেওয়ার অধিকার কোম্পানি রাখে।

৪.১০. যদি ইন্ট্রোডিউসিং ব্রোকার চুক্তির কোন শর্ত মানতে ব্যার্থ হয়, সেক্ষেত্রে ইন্ট্রোডিউসিং ব্রোকারের ক্লায়েন্টের তালিকা থেকে ক্লায়েন্ট বাদ দেওয়ার অধিকার রাখে কোম্পানি।

৪.১১. ক্লায়েন্টের ট্রেড দ্বারা কম্পানিতে সম্পন্ন কার্যকলাপের ওপর ইন্ট্রোডিউসিং ব্রোকার পুরস্কৃত হচ্ছে যা চুক্তিতে বর্ণিত রয়েছে, সেসম্পর্কে ক্লায়েন্টকে জানানোর অধিকার রাখে কোম্পানি।

৪.১২. যদি কোম্পানি পেমেন্ট সিস্টেম থেকে কোন বার্তা পায় যে সন্দেহভাজন ক্লায়েন্ট প্রতারণামূলক কার্যক্রমের সাথে জড়িত, তাহলে কোম্পানির উক্ত ক্লায়েন্টকে ইন্ট্রোডিউসিং ব্রোকার থেকে পৃথক করার অধিকার রয়েছে এবং উক্ত ক্লায়েন্টের সকল ইন্ট্রোডিউসিং ব্রোকারের কমিশন বাতিল করারও। এটা যদি প্রমানিত হয় যে ক্লায়েন্ট প্রতারনা করেনি, তাহলে পার্টনারের কমিশন ফেরত দেয়া হবে।

৪.১৩. ইন্ট্রোডিউসিং ব্রোকার তার শর্তাবলী পূরণ করতে ব্যার্থ হলে কোম্পানি এই চুক্তি বাতিল করার অধিকার রাখে।

----

৫. ইন্ট্রোডিউসিং ব্রোকারের সুযোগসুবিধার সীমাবদ্ধতা

৫.১. কোম্পানির লিখিত অনুমতি ব্যাতীত, ইন্ট্রোডিউসিং ব্রোকারের জন্য নিম্নোক্ত কার্যকলাপ নিষিদ্ধঃ

৫.১.১. কোম্পানির নামে কোন ধরনের অঙ্গীকার দেওয়া, অথবা কোম্পানিকে কোন ধরনের অঙ্গীকারে আবদ্ধ করা।

৫.১.২. কোন ধরনের নিশ্চয়তা এবং/অথবা কথা দেয়া; কোম্পানি দ্বারা নির্ধারিত যেকোনো চুক্তির ভিত্তিতে যেকোনো ধরনের পেমেন্টের বিবৃতিদান করা।

৫.২. ইন্ট্রোডিউসিং ব্রোকারের জন্য নিষিদ্ধঃ

৫.২.১ প্রোমো ম্যাটেরিয়ালের কোডে পরিবর্তন আনা, যা কোম্পানি দ্বারা প্রদান করা হয়েছে, যা পার্সোনাল এরিয়াতে উপলব্ধ। পরিবর্তনের বিষয়টি যদি ধরা পড়ে, তাহলে কোম্পানি চুক্তি এবং ইন্ট্রোডিউসিং ব্রোকারের পুরস্কার বাতিল করার অধিকার রাখে।

৫.৩. পি. ৫.১ এবং ৫.২ তে বর্ণিত সীমাবদ্ধতা সক্রিয় হবে যখন চুক্তি সাক্ষর হবে এবং ৫ বছর পরে চুক্তি বাতিল এবং অকার্যকর হবে।

৫.৪. যদি, ইন্ট্রোডিউসিং ব্রোকারের চুক্তি (যারমধ্যে অননুমোদিত কার্যকলাপ এবং বিবৃতি উল্লেখ্য) অনুসরনের ব্যার্থতার কারনে, কোম্পানি আইনতভাবে অভিযুক্ত হয়, কোম্পানির সকল খরচ (ক্ষতি) ইন্ট্রোডিউসিং ব্রোকারকে বহন করতে হবে। এক্ষেত্রে কোম্পানির ক্ষতি হিসেবে যেকোনো খরচকে ধরা হবে যারদ্বারা তার অধিকার এবং প্রভাব (আসল ক্ষতি) ফিরিয়ে আনার জন্য আর তারসাথে সম্ভাব্য লাভের ক্ষতিও যা কোম্পানি সাধারনত করতে পারতো সাধারনভাবে যেভাবে ব্যাবসা পরিচালনা করা হয় যেখানে নিজেদের প্রভাব এবং ব্যাবসায়িক খ্যাতির ক্ষতি ছিলোনা এবং যা হয়েছে ইন্ট্রোডিউসিং ব্রোকারের চুক্তি অনুসরনের ব্যার্থতার কারনে। কোম্পানি দ্বারা নির্ধারিত ক্ষতিপূরণের অর্থের পরিমানের ওপর ইন্ট্রোডিউসিং ব্রোকারের ব্রোকারের বাদানুবাদের কোন অধিকার থাকবে না।

৫.৫. ইন্ট্রোডিউসিং ব্রোকার যদি এই চুক্তি ভঙ্গ করে, তাহলে কোম্পানির তার আইবি এবং রিয়েল অ্যাকাউন্ট ব্লক করার অধিকার রাখে যতদিন পর্যন্ত না ক্ষতিপূরণ সম্পন্ন হয়। কোম্পানির এই অধিকার রয়েছে যে ইন্ট্রোডিউসিং ব্রোকারের কারনে হওয়া ক্ষতি তার ইন্ট্রোডিউসিং ব্রোকারের পুরস্কার অথবা অন্য যেকোনো পেআউট যা এই চুক্তি এবং/অথবা অন্য কাস্টমার এগ্রিমেন্টে উল্লেখিত রয়েছে, তার থেকে ক্ষতিপূরণ করবে।

৫.৬. যদি ইন্ট্রোডিউসিং ব্রোকারের ডাটা তার রেফারেলের (যেমন, ঠিকানা, ইমেইল, ফোন, আইপি এড্রেস, ইত্যাদি) ডাটার সাথে মিলে যায় তাহলে সেই রেফারেলকে ইন্ট্রোডিউসিং ব্রোকারের তালিকা হতে

বর্জন করা হবে। যদি একই আইপি এড্রেস হতে দুই বা ততোধিক অ্যাকাউন্ট চালানো হয়ে থাকে, তাদের অ্যাফিলিয়েট হিসেবে (অটো রেফারেল) ধরা হবে, তাতে ট্রেডের জন্য কোন পুরস্কার দেয়া হবে না।

৫.৭. পার্টনার অ্যাকাউন্ট হতে ফান্ড উত্তোলনের আগে, পার্টনার যেসকল ক্লায়েন্ট হতে পার্টনার কমিশন পেয়ে থাকে, তাদের সকলের পার্সোনাল এরিয়া ভেরিফিকেশনের দাবি করার অধিকার কোম্পানি রাখে।

----

৬. ইন্ট্রোডিউসিং ব্রোকারের কাজের এবং ক্লায়েন্ট যোগানের নীতিমালা

৬.১. কোম্পানির কার্যকলাপে নিবেদিত ওয়েবসাইট তৈরি করার অনুমতি রয়েছে ইন্ট্রোডিউসিং ব্রোকারের, যারমধ্যে ফাইনান্সিয়াল মার্কেট এবং কোম্পানির সেবা সম্পর্কে তথ্য থাকবে, যেভাবে চুক্তির পি. ৩ তে বর্ণনা করা হয়েছে।

৬.২. ক্লায়েন্টের রেজিস্ট্রেশন এবং তাদের ইন্ট্রোডিউসিং ব্রোকারের গ্রুপে (ক্লায়েন্টের তালিকায়) সংযোজন নিম্নোক্ত যেকোনো একটি পন্থায় সম্পন্ন করা হবেঃ

৬.২.১. ক্লায়েন্ট কোন রেফারেল লিংক দিয়ে কোম্পানির ওয়েবসাইটে এসেছে।

৬.২.২. ক্লায়েন্ট ট্রেডিং অ্যাকাউন্ট খোলার পরে যেকোনো সময় আবেদনের মাধ্যমে পার্টনারের সাথে সংযুক্ত হতে পারে যদি সে আগে অন্য কোন পার্টনারের সাথে সংযুক্ত না হয়ে থাকে এবং কোন ট্রেডিং হিস্টোরি না থেকে থাকে অথবা পূর্বে যেকোনো অ্যাকাউন্টে যদি ট্রেডিং অর্ডার যদি না থেকে থাকে। "১২৩ বোনাস" এর ট্রেডের অর্ডার এখানে গণ্য হবে না।

৬.২.৩. ক্লায়েন্ট এক সপ্তাহের মধ্যে ভিন্ন একজন পার্টনারের সাথে পুনঃ-সংযুক্ত হতে পারেন যদি তার কোনো অ্যাকাউন্টে হিস্টোরি অথবা ট্রেডের অর্ডার না থেকে থাকে। "১২৩ বোনাস" এর ট্রেডের অর্ডার এখানে গণ্য হবে না। একজন ক্লায়েন্ট শুধুমাত্র একবার পার্টনার পরিবর্তন করতে পারবেন।

৬.৩. ক্লায়েন্টের যেকোনো সময় তার ইন্ট্রোডিউসিং ব্রোকারকে বাদ দেয়ার এবং কোম্পানির সরাসরি ক্লায়েন্ট হওয়ার অধিকার রয়েছে। যদি ক্লায়েন্ট পার্টনার থেকে আলাদা হয়ে যায়, তাহলে সে পুনঃ-সংযুক্ত হতে পারবে না।

৬.৪. ইন্ট্রোডিউসিং ব্রোকার নিজস্ব অ্যাকাউন্ট(সমূহ) অথবা তার আত্মীয়দের অ্যাকাউন্ট অথবা অন্যান্য অ্যাফিলিয়েটের পক্ষ হতে (হোক সে ইন্ট্রোডিউসিং ব্রোকার সতন্ত্র অথবা প্রতিষ্ঠান) পুরস্কার গ্রহন করতে পারবে না।

----

৭. কমিশন এবং ইন্ট্রোডিউসিং ব্রোকারের ফি

৭.১. কোম্পানি ইন্ট্রোডিউসিং ব্রোকারকে কমিশন দেবে, সেই পরিমানে যা চুক্তির পি. ৭.৩. তে উল্লেখ করা আছে, প্রত্যেক ক্লায়েন্টের (এমটি৪ এবং এমটি৫ অ্যাকাউন্টে) এক্সিকিউটকৃত প্রতিটি সম্পন্ন লেনদেনের (অর্ডার, যা ওপেন করা হয়েছে এবং তা ক্লোজ হয়েছে) জন্য, যাদের ইন্ট্রোডিউসিং ব্রোকার কোম্পানিতে আকর্ষিত করেছে, আর এখানে সেসকল লেনদেন ব্যাতিক্রম থাকবে যা আংশিক ক্লোজ অথবা মাল্টিপল ক্লোজ করা হয়েছে।

৭.১.১. কোম্পানি ইন্ট্রোডিউসিং ব্রোকারকে ৩ স্তরের ভিত্তিতে কমিশন প্রদান করবে।

- প্রথম স্তর ১০০% কমিশন সরাসরি আকর্ষিত ক্লায়েন্টদের জন্য।
- দ্বিতীয় স্তর ১৫% সরাসরি আকর্ষিত আইবির কমিশন।
- তৃতীয় স্তর ৫% সাব-আইবি (দ্বিতীয় স্তরের) কমিশন।

৭.১.২. জোগাড়কৃত সকল ক্লায়েন্টের অ্যাকাউন্টের কমিশন ইন্ট্রোডিউসিং ব্রোকারকে ২৪ঘন্টায় ১ বার প্রদান করা হবে।

৭.৩. ইন্ট্রোডিউসিং ব্রোকারের কমিশন:

৭.৩.১. "সেন্ট" অ্যাকাউন্টের ক্ষেত্রে আকর্ষিত ক্লায়েন্ট কতৃক প্রতিটি সম্পন্ন লেনদেনের জন্য (অর্ডার, যা ওপেন করা হয়েছে এবং তা ক্লোজ হয়েছে) হচ্ছে ১০ সেন্ট/লট। "সেন্ট" অ্যাকাউন্টের ক্ষেত্রে সর্বনিম্ন

ইন্ট্রোডিউসিং ব্রোকারের কমিশন হচ্ছে ১ সেন্ট। সম্পন্ন লেনদেনের ওপেনকৃত এবং ক্লোজকৃত অর্ডারের মধ্যে কমপক্ষে ৫৯ পয়েন্টের পার্থক্য থাকতে হবে হোক তা লাভ অথবা লস।

৭.৩.২. "মাইক্রো" অ্যাকাউন্টের ক্ষেত্রে ট্রেডিং ইন্সট্রুমেন্টের ওপর নির্ভর করে (বিস্তারিত তালিকা রয়েছে www.fbs.com এ) আকর্ষিত ক্লায়েন্ট কতৃক প্রতিটি সম্পন্ন লেনদেনের জন্য (অর্ডার, যা ওপেন করা হয়েছে এবং তা ক্লোজ হয়েছে) হচ্ছে ৮০ ইউএসডি/লট। সম্পন্ন লেনদেনের ওপেনকৃত এবং ক্লোজকৃত অর্ডারের মধ্যে কমপক্ষে ৫৯ পয়েন্টের পার্থক্য থাকতে হবে হোক তা লাভ অথবা লস।

৭.৩.৩. "স্ট্যান্ডার্ড" এবং জিরো স্প্রেড অ্যাকাউন্টের ক্ষেত্রে আকর্ষিত ক্লায়েন্ট কতৃক প্রতিটি সম্পন্ন লেনদেনের জন্য (অর্ডার, যা ওপেন করা হয়েছে এবং তা ক্লোজ হয়েছে) হচ্ছে ১০ ইউএসডি/লট। সম্পন্ন লেনদেনের ওপেনকৃত এবং ক্লোজকৃত অর্ডারের মধ্যে কমপক্ষে ৫৯ পয়েন্টের পার্থক্য থাকতে হবে হোক তা লাভ অথবা লস।

৭.৩.৪. "আনলিমিটেড" অ্যাকাউন্টের ক্ষেত্রে আকর্ষিত ক্লায়েন্ট কতৃক প্রতিটি সম্পন্ন লেনদেনের জন্য (অর্ডার, যা ওপেন করা হয়েছে এবং তা ক্লোজ হয়েছে) হচ্ছে ৫ ইউএসডি/লট। সম্পন্ন লেনদেনের ওপেনকৃত এবং ক্লোজকৃত অর্ডারের মধ্যে কমপক্ষে ৫৯ পয়েন্টের পার্থক্য থাকতে হবে হোক তা লাভ অথবা লস।

৭.৩.৫. "ইসিএন" অ্যাকাউন্টের ক্ষেত্রে আকর্ষিত ক্লায়েন্ট কতৃক প্রতিটি সম্পন্ন লেনদেনের জন্য (অর্ডার, যা ওপেন করা হয়েছে এবং তা ক্লোজ হয়েছে) হচ্ছে ৩ ইউএসডি/লট। সম্পন্ন লেনদেনের ওপেনকৃত এবং ক্লোজকৃত অর্ডারের মধ্যে কমপক্ষে ৫৯ পয়েন্টের পার্থক্য থাকতে হবে হোক তা লাভ অথবা লস।

৭.৪. একই ইন্সট্রুমেন্টে যদি বাই এবং সেল অর্ডার ওপেন হয় এবং তা একসাথে মার্কেটে থাকে, আর সেসকল অর্ডারের ওপেনিং প্রাইস যদি ৫৯ পয়েন্টের কম হয় এবং তার ওপর পার্টনার কমিশন নেয়া হয়, তাহলে কোম্পানির পার্টনারের কার্যকলাপ সন্দেহজনক মনে করার ভিত্তি রয়েছে এবং কোম্পানি প্রদত্ত কমিশন বাতিল করার অধিকার রাখে।

৭.৫. যেসকল ক্লায়েন্টের অ্যাকাউন্ট কোম্পানির বোনাস প্রোগ্রামে অংশগ্রহন করছে তাদের ইন্ট্রোডিউসিং ব্রোকারের কমিশন আনুমানিক ৫০% দেয়া হবে (পি. ৭.৩.)।

৭.৬. ইন্ট্রোডিউসিং ব্রোকারের কমিশন ডিপোজিট বোনাস বিহীন ট্রেডিং অ্যাকাউন্টে দেয়া হবে যেসকল ক্ষেত্রে ক্লায়েন্ট তার নিজস্ব ফান্ড ডিপোজিট করেছে।

৭.৭. যদি মোট ইন্ট্রোডিউসিং ব্রোকারের কমিশনের একজন ক্লায়েন্টের কমিশন ৩০% ছাড়িয়ে যায়, ইন্ট্রোডিউসিং ব্রোকারের উত্তোলনের আবেদনের ১ থেকে ৬ মাসের আগে, কোম্পানি তা বাতিল করার অধিকার রাখে।

৭.৮. যদি একজন ক্লায়েন্ট হতে মোট ডিপোজিটের ইন্ট্রোডিউসিং ব্রোকারের কমিশন ৬০% ছাড়িয়ে যায়, তাহলে কোম্পানি তা নিজের সুবিধানুযায়ী ডিপোজিটের ওপর ভিত্তি করে ৬০% এর কম করে দেবে।

৭.৯. চলতি মাসে ইন্ট্রোডিউসিং ব্রোকারের কমিশন সকল ক্লায়েন্টের গড় ইকুইটির ৫০% ছাড়তে পারবে না। গড় ইকুইটি নিম্নোক্ত উপায়ে গননা করা হবেঃ

$$E = \frac{\sum E_1 + E_2}{2}$$, যেখানে

E – গড় ইকুইটি,

E_1 – মাসের শুরুতে সকল ক্লায়েন্টের অ্যাকাউন্টের ইকুইটি,
E_2 - মাসের শেষে সকল ক্লায়েন্টের অ্যাকাউন্টের ইকুইটি।

৭.১০. পি. ৭.১. এ নির্ধারিত কমিশন হচ্ছে একমাত্র কমিশন ফি যা কোম্পানি ইন্ট্রোডিউসিং ব্রোকারকে প্রদান করবে। ইন্ট্রোডিউসিং ব্রোকার অন্য কোন ধরনের ফি দাবি করতে পারবে না।

৭.১১. ইন্ট্রোডিউসিং ব্রোকারের কমিশন ইউ.এস ডলারে প্রদান করা হবে যদিও তার ক্লায়েন্টের অ্যাকাউন্টের কারেন্সি ভিন্ন হয়ে থাকে।

৭.১২. "ফিক্সড রেট" অপশন চালু করা পার্টনার কমিশনের গননা নিম্নোক্ত উপায়ে করা হবেঃ কমিশন, ট্রেডকৃত ভলিউম গুন ("ফিক্সড রেট" ভাগ বর্তমান রেট)।

৭.১৩. ইন্ট্রোডিউসিং ব্রোকারের অ্যাকাউন্টে পেমেন্ট সিস্টেম ব্যাবহারের ভিত্তিতে ডিপোজিট/উত্তোলন প্রক্রিয়া সম্পাদান হবে। ইন্ট্রোডিউসিং ব্রোকারের কমিশন যদি ক্লায়েন্টের অ্যাকাউন্টে ডেবিট/ক্রেডিট কার্ড দ্বারা ডিপোজিট দ্বারা এসে থাকে, তাহলে কমিশন পেতে ৪৫ কর্মদিবস ছাড়িয়ে যেতে পারে এবং সম্ভাব্য আরও বেশী সময় লাগতে পারে কোম্পানির প্রজ্ঞাপন অনুযায়ী।

৭.১৪. বিশেষ পরিস্থিতিতে, কোম্পানি এককভাবে আইবি কমিশন উত্তোলনের উপলব্ধ পন্থা নির্ধারণ করার অধিকার রাখে।

৭.১৫. চুক্তির পি. ১০.৩ ধারা অনুযায়ী কোম্পানি কমিশন এবং ইন্ট্রোডিউসিং ব্রোকারের ফিতে পরিবর্তন আনার অধিকার রাখে।

৭.১৬. ক্লায়েন্টের অ্যাকাউন্টে যদি ব্যালেন্স ফিক্সডের ঘটনা দেখা দেয়, তাহলে কোম্পানির এই অধিকার রাখে যে কোম্পানি ফান্ড কেটে নিজস্ব ক্ষতিপূরণ করতে পারবে, পার্টনার কমিশনের মোট অংশ থেকে যা সেই ক্লায়েন্টের ট্রেডিঙের জন্য সেদিন তাকে প্রদান করা হয়েছে যেদিন ব্যালন্স ফিক্সড এর ঘটনা ঘটবে।

----

৮. বৈধতার শর্ত

৮.১ এই চুক্তি তখন বাস্তবায়ন হবে যখন ইন্ট্রোডিউসিং ব্রোকার তা কোম্পানির ওয়েবসাইটে গ্রহন করবে।

৮.২. এই চুক্তি গ্রহন করার ১২ মাস পর্যন্ত তা বৈধ থাকবে। কোম্পানি যেকোনো সময় সইকৃত চুক্তি চাইতে পারে।

৮.৩. চুক্তি সমাপ্তের ৩০ দিন আগে পর্যন্ত যদি দলের কোন পক্ষ তা বাতিল করতে না চায়, তাহলে এই চুক্তি অসনাক্ত মেয়াদ পর্যন্ত বর্ধিত হিসেবে গণ্য হবে।

----

৯. অনিবার্য দুর্ঘটনা

৯.১. অনিবার্য দুর্ঘটনার ক্ষেত্রে (জাতিগত অস্থিরতা, যুদ্ধ, বিদ্রোহ, আন্তর্জাতিক হস্তক্ষেপ, সরকারি কার্যকলাপ সহ, সীমাবদ্ধতা ছাড়া, এক্সচেঞ্জ কন্ট্রোল, বাজেয়াপ্তি, রাস্ট্রায়ত্তকরন, মূল্যহ্রাস, প্রাকৃতিক দুর্যোগ, ঈশ্বরের কাজ, এবং অন্যান্য অনিবার্য ঘটনা। যা কোন পক্ষের ইচ্ছার ওপর নির্ভরশিল নয়) অঙ্গীকার পূরণের আংশিক অথবা সম্পূর্ণভাবে ব্যার্থ হলে কোন পক্ষই দায়ী থাকবে না।

৯.২. দল, অনিবার্য দুর্ঘটনার কারনে অঙ্গীকার পূরণে ব্যার্থ হওয়াতে, কাউন্টারপার্টিকে সেসম্পর্কে ৫ দিনের মধ্যে লিখিত আকারে অবগত করবে, উপরে উল্লেখিত কোন ঘটনা ঘটলে।

৯.৩. এই ইশতিহারে উল্লেখিত তথ্য যথাযথ কতৃপক্ষ অথবা সেদেশের কোন প্রতিষ্ঠান নিশ্চিত করবে। অন্য পক্ষকে সময়মতো অবগত করতে ব্যার্থ হলে তা সেই পক্ষকে তার দায়িত্ব হতে খালাস দেয়ার ভিত্তি হিসেবে গণ্য হবে না।

৯.৪. কোন পক্ষের অঙ্গীকার পূর্ণ করতে ৬ মাসের বেশী সময় অতিক্রমের পর অসম্ভব হওয়ার ক্ষেত্রে, চুক্তি বাতিল হিসেবে গণ্য হবে।

----

১০. অন্যান্য শর্তাবলী

১০.১. ক্লায়েন্ট এবং ইন্ট্রোডিউসিং ব্রোকারের মধ্যে তর্ক হলে, কোম্পানির মতামত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০.২. কোন এক পক্ষ যদি অঙ্গীকার পূরণে ব্যার্থ হয়, অন্য পক্ষ এই চুক্তি হতে খালাস পাবে না, এবং দায়বদ্ধতা অস্বীকারও করতে পারবে না।

১০.৩. ইন্ট্রোডিউসিং ব্রোকার এটা মেনে নেবে যে কোম্পানি চুক্তির কিছু শর্তাবলীতে যেকোনো সময় পরিবর্তন আনতে পারে। ইন্ট্রোডিউসিং ব্রোকার চুক্তির সকল পরিবর্তনের দায় বহন করবে।

১০.৪. নিম্নে উল্লেখিত যোগাযোগের পন্থা লিখিত প্রজ্ঞাপন হিসেবে গণ্য হবেঃ

১০.৪.১. ইমেইল;

১০.৪.২. ডাকযোগে চিঠি;

১০.৪.৩. কোম্পানির ওয়েবসাইটে "কোম্পানি নিউজ" সেকশনে ঘোষণা

১০.৫. কোম্পানি ইন্ট্রোডিউসিং ব্রোকারের যোগাযোগের তথ্য ব্যাবহার করবে, যেমনঃ ঠিকানা, ইমেইল, ইত্যাদি, যা রেজিস্ট্রেশনের সময় দেয়া হয়েছিলো, অথবা সর্বশেষ যোগাযোগের তথ্য যা ইন্ট্রোডিউসিং ব্রোকার প্রদান করেছিলো।

১০.৬. যেকোন ধরনের বার্তা (দলিলাদি, প্রজ্ঞাপন, ঘোষণা, নিশ্চিতকরন, রিপোর্ট, ইত্যাদি) ইন্ট্রোডিউসিং ব্রোকার পেয়েছে বলে গণ্য হবেঃ

১০.৬.১. ইমেইল পাঠানোর ১ ঘণ্টা পরে;

১০.৬.২. ডাকযোগে চিঠি পাঠানোর ৭ দিন পরে;

১০.৬.৩. কোম্পানির ওয়েবসাইটে তথ্য পাবলিশ হওয়ার ১ ঘণ্টা পরে।

১০.৭. ইন্ট্রোডিউসিং ব্রোকারের এটা দায়িত্ব যে তার সাথে যোগাযোগের তথ্য পরিবর্তন সম্পর্কে কোম্পানিকে অবগত করা, পাঁচ কর্মদিবসের মধ্যে তা উপস্থাপন করা। প্রজ্ঞাপন ইমেইল, ডাকযোগে চিঠি অথবা অন্য যেকোনো যোগাযোগের মাধ্যম যা নিশ্চিত করে যেঃ

১০.৭.১. তথ্য সময়মতো প্রেরন করা হয়েছে;

১০.৭.২. ইন্ট্রোডিউসিং ব্রোকার নিজে তথ্যটি প্রেরন করেছে।

১০.৮. যেকোনো পক্ষ একতরফা বিচারবহির্ভূতভাবে কমপক্ষে ৩০ দিন আগে অন্য পক্ষকে জানিয়ে চুক্তি বাতিল করার অধিকার রাখে।

১০.৯. কোন এক পক্ষের দাবি অনুযায়ী এই চুক্তি আইনগতভাবে বাতিল হতে পারে, যদি অন্য পক্ষ দ্বারা শর্তাবলীর একাধিক অথবা কঠোর উলঙ্গন করা হয়ে থাকে, অথবা অন্য যেকোনো ক্ষেত্রে আইনের আওয়ায় পরে থাকে।

----

১১. চুক্তি স্বীকার করে ইন্ট্রোডিউসিং ব্রোকার নিশ্চিত করছে যেঃ

১১.১. সে চুক্তিটি পড়েছে এবং ভালোভাবে বুঝেছে।

১১.২. চুক্তির সকল শর্তাবলী বুঝেছে এবং সম্পূর্ণভাবে গ্রহন করেছে।

১১.৩. যেকোনো অবস্থাতেই ইন্ট্রোডিউসিং ব্রোকার এই চুক্তির প্রতিরোধ করতে পারবে না।